দৈনিক ইত্তেফাক

তারিখ FEB. 14 1999
পৃষ্ঠা ৪ কলাম ৩

# একুশে গ্রন্থমেলার নীতিমালা যথাযথভাবে অনুসরণ করা প্রয়োজন

গত ৫ই ফেব্রুয়ারী হইতে শুরু হইয়াছে বাংলা একাডেমীর অমর একুশে গ্রন্থমেলা। এই গ্রন্থমেলার নীতিমালা ও নিয়মাবলীতে উল্লেখ রহিয়াছে, 'প্রকাশকগণ শুধু নিজেদের প্রকাশিত বই বিক্রি করিতে পারিবেন। বিদেশে প্রথম প্রকাশিত অথবা বিদেশী বইয়ের বাংলাদেশী সংস্করণ এবং আমদানীকৃত বই মেলায় বিক্রি করা যাইবে না'। এই নীতিমালা ও নিয়মাবলী দেশী বই প্রকাশ ও তাহার ক্রেতা চাহিদা সৃষ্টিতে সহায়ক হইতে পারে, যদি তাহা যথাযথভাবে অনুসরণ করা হয়। কিন্তু সর্বক্ষেত্রে তাহা অনুসরণ করা হইতেছে, এরূপ বলা যাইবে না। বিশেষ করিয়া শিশু-কিশোরদের বইয়ের কথা বলা যায়। এমনতিই আমাদের দেশে নানা প্রতিকূলতার মধ্যে শিশু-কিশোরদের জন্য রঙিন ছবি সম্বলিত বই তেমন প্রকাশিত হয় না। আর যাহাও হয়, তাহা আমাদের দেশীয় চরিত্র বকুল, চম্পা, পারুলদের স্থলে পিনাকিও, স্নো-হোয়াইট, রামবো-ডামবি প্রভৃতি চরিত্রের বিদেশী কাহিনী। বিগত মেলায় দেখা গিয়াছে, ওয়াল্ড ডিজনীর ইংরেজী বইয়ের হুবহু রঙিন ছবি সম্বলিত বাংলা অনুবাদকৃত বই বিক্রয় হইতেছে। চাচা চৌধুরীর কার্টুনের বই বিক্রয়ও বন্ধ থাকে নাই। এদেশে যে সকল প্রকাশক প্রতিকূল অবস্থা মোকাবিলা করিয়া শিশু-কিশোরদের জন্য দেশীয় সংস্কৃতির সহিত সাযুজ্য রাখিয়া চাহিদামাফিক বই প্রকাশের সাহস দেখাইতেছেন, তাহাদের সর্বক্ষেত্রে উৎসাহিত করা প্রয়োজন। আর তাই অমর একুশে গ্রন্থমেলা পরিচালনা কমিটি প্রণীত নীতিমালা ও নিয়মাবলী সঠিকভাবে প্রয়োগ ও বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট মহলের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

আমিনুল ইসলাম
১৩/১-এ, গোলারটেক
মিরপুর, ঢাকা ১২১৬।